



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
www.dshe.gov.bd
ঢাকা



স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৯.৯৯.০০১.২০.১৭

তারিখ: ২৭ বৈশাখ ১৪২৭

১০ মে ২০২০

বিষয়: ২০১৯ সালে পিইসি ও জেএসসি পরীক্ষায় রাজস্ব খাতভুক্ত বৃত্তিপ্রাপ্ত (নিয়মিত) শিক্ষার্থীদের ব্যাংক হিসাব (Bank Account) খোলা ও প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে জানানো যাচ্ছে যে, ২০১৯ সালে পিইসি ও জেএসসি পরীক্ষায় রাজস্ব খাতভুক্ত বৃত্তিপ্রাপ্ত (মেধা ও সাধারণ) শিক্ষার্থীদের বরাদ্দকৃত টাকা অর্থ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক জি-টু-পি(E.F.T)-এর আওতায় অনলাইনে শিক্ষার্থীদের ব্যাংক হিসাবে (Bank Account) প্রেরণ করা হবে। এ লক্ষ্যে প্রতিষ্ঠান প্রধানগণ ২০১৯ সালের পিইসি ও জেএসসি পরীক্ষায় বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের একক/অভিভাবকদের যৌথ নামে বাংলাদেশে অনলাইন সুবিধা সম্পন্ন যে কোন তফসীলভুক্ত বাণিজ্যিক ব্যাংকে আগামী ৩/৬/২০২০ তারিখের মধ্যে অনলাইন "স্কুল ব্যাংক হিসাব" / "ব্যাংক হিসাব" (Bank Account) খোলা এবং পরবর্তীতে উক্ত ব্যাংক হিসাব নম্বর আগামী ৫/৬/২০২০ তারিখের মধ্যে MISE এ আপলোড করার জন্য নির্দেশ দেয়া গেল। উল্লেখ্য, MISE সফটওয়্যার মাউশি অধিদপ্তরের EMIS সেল হতে যথাসময়ে আপলোড করা হবে।

তথ্য প্রেরণের ক্ষেত্রে নিম্নের বিষয়গুলো নিশ্চিত হয়ে আপলোড করতে হবে -

- ০১। বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী নিয়মিত / ধারাবাহিকভাবে অধ্যয়নরত আছে কিনা ;
 - ০২। পাঠ বিরতিধারী এবং মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ড হতে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের তথ্য প্রেরণ না করা ;
 - ০৩। শিক্ষার্থীদের নামীয় অনলাইন ব্যাংক হিসাব নম্বর সঠিক ভাবে পূরণ করা।
- এ বিষয়ে কোন ধরনের ভুল বা অনিয়ম পরিলক্ষিত হলে প্রতিষ্ঠান প্রধানগণ ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

১০-৫-২০২০

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
মহাপরিচালক



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী
www.rajshahieducationboard.gov.bd



বিষয় : বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের ব্যাংক হিসাব (Bank Account) খোলা ও প্রেরণ প্রসঙ্গে

উল্লিখিত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৯ সালের পিইসি ও জেএসসি পরীক্ষার রাজস্ব খাতভুক্ত বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের ব্যাংক হিসাব (Bank Account) খোলা ও প্রেরণ প্রসঙ্গে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, শিক্ষা মন্ত্রণালয় এর ১০-০৫-২০২০ তারিখে প্রকাশিত স্মারক নম্বর ৩৭.০২.০০০০.১০৯.০০১.২০.১৭ পত্রটির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যানের আদেশক্রমে-/

এস. এম. গোলাম আজম

প্রধান মূল্যায়ন কর্মকর্তা (চ:দা:), রাজশাহী শিক্ষা বোর্ড।

তারিখ: ১৯-০৫-২০২০

প্রাপক : অধ্যক্ষ/প্রধান শিক্ষক,

সরকারি/বেসরকারি নিম্ন মাধ্যমিক / মাধ্যমিক বিদ্যালয়/ স্কুল এন্ড কলেজ/ সমমানের সকল শিক্ষা প্রতিষ্ঠান।